130

দৈনিক জনকণ্ঠ

MAR 6 1999

পৃষ্ঠা ৭৪ কলাম

# শিশু বিশ্বকোষ তথ্যের এক বিশাল ভাণ্ডার

হাসান হাফিজ

টেস্ট ক্রিকেটে ব্যক্তিগত সর্বোচ্চ রানের বিশ্বরেকর্ড কার দখলে? বাঙালী এক ভূ-পর্যটক সাইকেলে চড়ে সম্পূর্ণ ব্যক্তি উদ্যোগে বেরিয়েছিলেন বিশ্বভ্রমণে। বিভিন্ন মহাদেশের সর্বমোট ৫০ হাজার মাইল পথ অতিক্রম করেছেন তিনি। কি তাঁর নাম? পৃথিবীর সবচেয়ে বড় পাখি ও সবচেয়ে ছোট পাখির নাম কি? কম্পিউটার এল কেমন করে? আকাশ বর্ণহীন, তবু কেন তার রঙ নীল? এরকম অজস্র প্রশ্নে সহজ সরল উত্তর আছে 'শিশু-বিশ্বকোষ'-এ। মোট পাঁচ খণ্ডের 'শিশু-বিশ্বকোষ' প্রকাশ করেছে বাংলাদেশ শিশু একাডেমী। এ এক বিশাল তথ্যভাণ্ডার। মোট পাঁচ বছর লেগেছে এই বিশ্বকোষ তৈরি করতে। বাংলা বর্ণমালার ক্রমানুসারে তথ্য সম্ভার লিপিবদ্ধ করা হয়েছে পাঁচ খণ্ডের শিশু বিশ্বকোষে। প্রয়োজনমতো আলোকচিত্র, শিল্পীর আঁকা ছবি সংযোজনের ফলে আরও মূল্যবান ও আকর্ষণীয় হয়েছে বইটি।

প্রথম খণ্ডটির পৃষ্ঠা সংখ্যা ৩৩৬। অ থেকে ঔ পর্যন্ত বর্ণের মোট ৫৮৫টি ভুক্তি *(entry)* রয়েছে এ খণ্ডে। ইতিহাস, ভূগোল, ধর্ম, দর্শন, সাহিত্য, সমাজ, সভ্যতা, উদ্ভিদজগৎ, প্রাণিজগৎসহ জ্ঞানের সকল শাখার এমনি সব কৌতূহলোদ্দীপক বিষয়বস্তু নিয়ে শিশু-বিশ্বকোষের সব ক'টি খণ্ড। দ্বিতীয় খণ্ডের পৃষ্ঠা মোট ৩৮৪টি। মোট ভুক্তি রয়েছে ৭৩৩টি। ক থেকে জ বর্ণের বিষয় এ খণ্ডে অন্তর্ভুক্ত। তৃতীয় খণ্ডে আছে ঝ থেকে প বর্ণ। মোট ভুক্তি ৬৮৩। পৃষ্ঠা সংখ্যা ৩৬০। ফ থেকে ম বর্ণ দিয়ে শুরু যে সব বিষয়, তা জানা যাবে চতুর্থ খন্ড পড়লে। ঐ খণ্ডের মোট ভুক্তি ৭৬১, পৃষ্ঠা সংখ্যা ৩৮৪। সবচেয়ে বড় খণ্ডটি পঞ্চম–মোট ৪৫০ পৃষ্ঠার। এ খণ্ডে ভুক্তিও বেশি–৮২৪টি।




এবার দু'একটি উদাহরণ। 'স্বপ্ন' সম্পর্কে বলা হয়েছে– "ঘুমের মধ্যে দেখা ঘটনা ও দৃশ্য 'স্বপ্ন' নামে পরিচিত। ঘুমের যে কোন পর্যায়ে মানুষ স্বপ্ন দেখে। এখানে বলে রাখা ভাল যে, ঘুম দু'রকমের। এক ধরনের ঘুমের ভিতর মানুষের চোখের গোলক খুব নড়াচড়া করে। আরেক ধরনের ঘুমে চোখ স্থির থাকে। প্রতি রাতে অন্তত চার পাঁচ বার চোখের গোলক অস্থির হয়ে ওঠে এবং প্রতিবার তা প্রায় বিশ মিনিট স্থায়ী হয়। এসব সময়ে মানুষ বেশি স্বপ্ন দেখে। স্বপ্ন দেখার পর তাড়াতাড়ি জেগে উঠলে স্বপ্নে দেখা ঘটনা ভাল মনে থাকে। স্বপ্ন দেখার সময় কাউকে জাগিয়ে দিলে সে ভীষণ বিরক্ত হয়, তার মেজাজ খিটখিটে হয়ে যায় এবং সে দিনের বেলা কাজে মন বসাতে পারে না।

সবাই স্বপ্ন দেখে– কারও তা মনে থাকে, কারও মনে থাকে না। অনেক বিখ্যাত ব্যক্তি স্বপ্নের ভিতর নতুন চিন্তা কিংবা আবিষ্কারের খোরাক পেয়েছেন। মনস্তত্ত্বে মানুষের অবচেতন মনের রহস্য বের করার জন্য স্বপ্নের ওপর বেশ জোর দেওয়া হয়।"

আমরা প্রায়ই শুনি 'কুশপুত্তলিকা দাহ'র কথা। কুশপুত্তলিকা সম্পর্কে বিশ্বকোষ বলছে–

"কুশপুত্তলিকা হচ্ছে কুশ দ্বারা নির্মিত কোন মৃত বা জীবিত মানুষের মূর্তি। প্রাচীনকালে এই উপমহাদেশে কোন স্থানে কোন মানুষের অজ্ঞাত মৃত্যু হলে অথবা দীর্ঘ ১২ বছর কোন মানুষের সন্ধান না পাওয়া গেলে কিংবা কেউ বিষ পান বা কেউ ফাঁসিতে আত্মঘাতী হয়ে অথবা অন্য কোন অস্বাভাবিক কারণে মৃত্যুবরণ করলে এবং মৃতের দেহ খুঁজে না পাওয়া গেলে মৃত মানুষের আত্মীয়স্বজন কর্তৃক কুশগুচ্ছ দিয়ে তার প্রতিমূর্তি তৈরি করে তা দাহ করার রীতি প্রচলিত ছিল। আর এভাবে নির্মিত প্রতিমূর্তি হচ্ছে কুশপুত্তলিকা। ইংরেজীতে বলে *effigy* (এফিজি)। বর্তমান যুগে কোন রাজনৈতিক নেতার কাজের প্রতিবাদ জানানোর জন্য খড়-কাপড় দিয়ে (কেননা কুশ বঙ্গদেশে পাওয়া যায় না) ঐ রাজনৈতিক নেতার মতো চেহারার কুশপুত্তলিকা বানিয়ে তা দাহ করা হয়। এ ভাবে কুশপুত্তলিকা তৈরি করার প্রাচীন পদ্ধতির নবায়ন করা হয়েছে।" শিশু-বিশ্বকোষ-এর সম্পাদনা পরিষদের সদস্যরা হচ্ছেন আবদুল্লাহ আলমুতী (বিজ্ঞান ও প্রযুক্তি), আহমদ রফিক (সমাজ বিজ্ঞান), মনসুর মুসা (মানববিদ্যা), হায়াত মামুদ (শৈলী সম্পাদক ও সমন্বয়ক), হাশেম খান ও সিরাজুল হক (শিল্প সম্পাদক)। শিশু-বিশ্বকোষ প্রকল্পের পরিচালকের দায়িত্ব পালন করেছেন বাংলাদেশ শিশু একাডেমীর পরিচালক গোলাম কিবরিয়া। শিশু-বিশ্বকোষ প্রণয়নে কাজ করেছেন সাতজন চিত্রশিল্পী, ১৬ জন আলোকচিত্রী। ভুক্তিগুলো লিখেছেন মোট ৬৬ জন নবীন-প্রবীণ লেখক। পাঁচটি খণ্ডে সাদাকালো ছবির সংখ্যা ২১৩০, রঙিন ছবি রয়েছে ১৪১টি। নাম 'শিশু-বিশ্বকোষ' হলেও এটি কেবলমাত্র শিশু-কিশোর পাঠক নয়, বয়স্ক পাঠকেরও কৌতূহল মেটাবে, জ্ঞান বিজ্ঞান সভ্যতার নানান জিনিস সম্পর্কে মোটামুটি স্পষ্ট ধারণা দেবে। প্রথমবারের মতো উদ্যোগ বলে কিছু ভুল ত্রুটি, তথ্যগত বিভ্রান্তি রয়ে গেছে। ভাষাও কোন কোন ক্ষেত্রে সহজ সাবলীল হয়নি। এই ত্রুটি বিচ্যুতি অবশ্য অস্বাভাবিক কিছু নয়। পরবর্তী সংস্করণে সেগুলো সংশোধন করা যাবে। বাংলাদেশ শিশু একাডেমীর পরিচালক গোলাম কিবরিয়া জানিয়েছেন, মোট ১০ হাজার সেট ছাপানো হয়েছে শিশু-বিশ্বকোষ। ইতোমধ্যেই বিক্রি হয়ে গেছে দেড় হাজার সেট। পাঁচখণ্ডের দাম এগারো শ' টাকা। শিশু-কিশোরদের জন্য এটি একটি চমৎকার উপহার।